

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

এসএফডি সার্কুলার নং-০৬

২৯ নভেম্বর ২০২২

তারিখ: - - - - -

১৪ অগ্রহায়ণ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলে অনুদান প্রদান প্রসংগে

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের তহবিল বৃদ্ধির লক্ষ্যে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রতি বছর কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা খাতে বরাদ্দকৃত অর্থের ৫% হারে বর্ণিত তহবিলে অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

- ২। দেশের দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাজীবন নিরবচ্ছিন্ন করার মাধ্যমে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের জন্য উপযোগী মানব সম্পদ গঠনে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা তহবিলের এ অর্থ প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলের আকার বৃদ্ধিতে ইতিবাচক অবদান রাখবে।
- ৩। এ অবস্থায়, প্রতি বছর পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক নিট মুনাফার (নিরীক্ষিত/অনিরীক্ষিত) ভিত্তিতে নির্ধারিত কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা বাজেট হতে ৫% অর্থ সংশ্লিষ্ট বছরের ৩০ মে তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলের ব্যাংক হিসাবে জমা করার নির্দেশনা প্রদান করা হলো।
- ৪। এ সংক্রান্ত ব্যয় ১০ এপ্রিল ২০২২ তারিখের এসএফডি সার্কুলার লেটার নং-০১ এর মাধ্যমে জারিকৃত রিপোর্টিং ফরম্যাটের শিক্ষা খাতে প্রদর্শনের পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রজব আলী)
পরিচালক (এসএফডি)

ফোন: ৯৫৩০৩২০

ই-মেইল: rajab.ali@bb.org.bd